ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪৮৬৯

আগরতলা,১৪ ফেব্রুয়ারি,২০২৪

অযোধ্যাগামী আস্থা স্পেশাল ট্রেনের সূচনা করলেন মুখ্যমন্ত্রী

মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা আজ সন্ধ্যায় আগরতলা রেলস্টেশনে অযোধ্যাগামী আস্থা স্পেশাল ট্রেনের সূচনা করেন। মুখ্যমন্ত্রী পতাকা নেড়ে এই বিশেষ ট্রেনটির শুভ যাত্রার সূচনা করেন। রেলস্টেশনে আয়োজিত এক সংক্ষিপ্ত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, সত্তর দশক থেকে এই রাজ্যে অনেকাংশে নাস্তিকের পরিবেশ ছিল। ২০১৪ সালে কেন্দ্রে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে সরকার গঠন এবং এ রাজ্যে নতুন সরকার গঠনের পর এক নতুন পরিবেশ সৃষ্টি হয়েছে। ২২ জানুয়ারি অযোধ্যায় রামলালা মন্দিরের উদ্বোধনের ফলে সারা দেশে আস্থা ও বিশ্বাসের পরিবেশ সৃষ্টি হয়েছে। ফিল গুড অনুভূতি দেখা দিয়েছে। মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন প্রধানমন্ত্রীর নেতৃত্বে দেশ অর্থনীতির দিক দিয়ে ৫ম স্থান থেকে ৩য় স্থানে উঠে আসবে।

রাজ্য থেকে যাঁরা আজ অযোধ্যায় যাচ্ছেন, তাদের উদ্দেশ্যে মুখ্যমন্ত্রী বলেন, তাঁরা যেন ভগবান রামলালার কাছে রাজ্যবাসীর জন্য সুখ ও শান্তি প্রার্থনা করেন। আস্থা স্পেশাল ট্রেনটি আগরতলা থেকে আজ সন্ধ্যায় রওনা হয়ে ১৬ তারিখ অযোধ্যায় পৌঁছবে। পরদিন আবার অযোধ্যা থেকে রওনা হয়ে ১৯ তারিখ আগরতলায় আসবে।

*****